# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(নিয়োগ শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৯৬৭ এ, তারিখঃ- ৩০/০৮/২০১৬ খ্রিঃ

**বিষয়ঃ- দেশের সকল আদালত/ট্রাইব্যুনালে ইন্টারনেট সংযোগ স্থাপন সংক্রান্ত।**

সূত্রঃ (১) সার্কুলার নং- ১২/২০১৫ এ, তারিখঃ- ২৯/০৭/২০১৫ খ্রিঃ হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
(২) নং- ১০.০০.০০০০.১২৬.২০.১০১.১২-২৬৭, তারিখঃ ১৭/০২/২০১৬ খ্রিঃ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
(৩) বিজ্ঞপ্তি নং- ৬৬ তারিখঃ-১০/০৪/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে অধস্তন আদালতসমূহের যোগাযোগ, তথ্য ও উপাত্ত এবং দ্রুত বার্তা আদান-প্রদান তথা বিচার প্রশাসনের দাপ্তরিক কাজকর্মে অধিকতর গতি আনয়নের লক্ষ্যে দেশের সকল আদালত/ট্রাইবুনালে সরকারি ব্যয়ে দাপ্তরিক ইন্টারনেট সংযোগ ও ব্যবহার নীতিমালা, ২০০৪ অনুযায়ী ইন্টারনেট সংযোগ স্থাপন করার জন্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ১ নং সূত্রোক্ত স্মারকে নির্দেশ প্রদান করা হয়।

২। আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ২ নং সূত্রোক্ত স্মারকে ইন্টারনেট সংযোগ ও ব্যবহার নীতিমালা, ২০০৪ অনুযায়ী অধস্তন আদালত/ট্রাইব্যুনাল সমূহে ইন্টারনেট সংযোগের জন্য অনুমোদন জ্ঞাপন করা হয়।

৩। হাইকোর্ট বিভাগের সাথে অধস্তন আদালত/ট্রাইব্যুনাল সমূহের যোগাযোগ, তথ্য ও উপাত্ত সংগ্রহ ইত্যাদির অনলাইন রিপোর্টিং ব্যবস্থা সহসাই চালু হবে বিধায় জরুরী ভিত্তিতে দেশের সকল আদালত/ট্রাইব্যুনাল সমূহের ইন্টারনেট সংযোগ স্থাপন একান্ত প্রয়োজন।

৪। ৩নং সূত্রোক্ত বিজ্ঞপ্তি দ্বারা অধস্তন সকল আদালত/ট্রাইব্যুনাল সমূহের ইন্টারনেট সংযোগ স্থাপন সংক্রান্ত সর্বশেষ তথ্য অত্র কোর্টে প্রেরণের জন্য সকল আদালত/ট্রাইব্যুনালকে অনুরোধ করা হয়। কিন্তু অনেক আদালত/ট্রাইব্যুনাল হতে তৎমর্মে সর্বশেষ তথ্য অত্র কোর্টে প্রেরণ করা হয়নি।

৫। এমতাবস্থায়, যেসকল আদালত/ট্রাইব্যুনালে এখনো ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়নি সে সকল আদালত/ট্রাইব্যুনালে অবিলম্বে ইন্টারনেট সংযোগ প্রদান এবং অত্র কোর্টের নির্দেশ সত্ত্বেও কেন এ সকল আদালতে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়নি তার ব্যাখ্যা অতিসত্ত্বর অত্র কোর্টে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**স্বাঃ/-**

(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার
হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
ফোনঃ ৯৫১৪৬৪৬
ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

**স্মারক নং-** ৮৯০৮(১২) **তারিখঃ-** ৩০/০৮/২০১৬ **খ্রিঃ**

**কার্যার্থে বিতরণঃ**

১। জেলা জজ.......................................................................................... (সকল)।
২। মহানগর দায়রা জজ .......................................................................... (সকল)।
৩। বিভাগীয় বিশেষ জজ .......................................................................... (সকল)।
৪। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ......................... (সকল)।
৫। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল ............. (সকল)।
৬। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল ............................................ (সকল)।
৭। বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ (জেলা জজ) ........................................... (সকল)।
৮। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত ........................................ (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক আপীলেট ট্রাইব্যুনাল/প্রশাসনিক ট্রাইব্যুনাল ......... (সকল)।
১০। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
১১। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, এসইস, ঢাকা।
১২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ............................ (সকল)।
১৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সার্কুলারটি বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

Aktaruzzaman
30.08.16

(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন ঃ ৯৫৬১৯৩২।
ই-মেইলঃ aktar_ar@ supremecourt.gov.bd